একটি সন্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ (ইএসপি)
৩/২,ব্লক-এ, আসাদ এভিনিউ
মোহাম্মদপুর, ঢাকা।

স্মারক নং- পপঅ/ইএসপি/এমএইচএস/এইচ-২৪/৯৮/৯৯৫ তারিখঃ ০১/০৮/৯৯ইং

## আদেশনামা

মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সমূহে কমরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সুষ্ঠ ভাবে বাসস্থান বরাদ্দ করার লক্ষ্যে নিমোক্ত নীতিমালা অনুসরণ করা হবে।

১। এমসিডব্লিউসি সংলগ্ন বাসা বরাদ্দের জন্য একটি বরাদ্দ কমিটি থাকবে এবং এই কমিটির গঠন হবে নিম্নরূপঃ

| | |
|---|---|
| (ক) উপ-পরিচালক | সভাপতি |
| (খ) সহকারী পরিচালক (সিসি)/মেডিক্যাল অফিসার (সিসি) | সদস্য |
| (গ) মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি),সদর | সদস্য |
| (ঘ) সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) | সদস্য |
| (ঙ) মেডিক্যাল অফিসার (ক্লিনিক) | সদস্য সচিব |

২। এই কমিটি নিমোক্ত নীতিমালা অনুসরণ করে বাসা বরাদ্দ করবেঃ

(ক) যে সকল মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মেডিক্যাল অফিসারদের জন্য একটি মাত্র বাসা নির্মিত হয়েছে/আছে সেখানে একমাত্র বাসাটি কেন্দ্রে কর্মরত মেডিক্যাল অফিসার (ক্লিনিক) পদাধিকার বলে বরাদ্দ প্রাপ্ত হবেন।

(খ) মেডিক্যাল অফিসারদের জন্য যেখানে দুইটি বাসা আছে সেখানে দ্বিতীয় বাসাটি জেলা সদর থানায় কর্মরত মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি) যিনি এ্যানাসথেসিয়ায় ট্রেনিং প্রাপ্ত হবেন তার নামে বরাদ্দ করা হবে। এই বাসা দুটি একটি ফ্লাট/বিল্ডিং-এ অবস্থিত হলে নীচতলা এ্যানাসথেসিয়ার উপর প্রশিক্ষণ প্রাপ্ত মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি) এবং দ্বিতীয় তলা মেডিক্যাল অফিসার (ক্লিনিক) এর নামে বরাদ্দ করা হবে। তবে সমঝোতার ভিত্তিতে যে কোন ফ্লাট দেয়া যেতে পারে।

(গ) দুইতলা অথবা ততোধিক তলা বিশিষ্ট বিল্ডিং এর চার বা ততোধিক ফ্লাট বাড়ীর উপরের তলায় দুইটি ফ্লাট মেডিক্যাল অফিসারদের জন্য এবং নীচতলার ফ্লাট এফডব্লিউভিদের জন্য বরাদ্দ দিতে হবে।

(ঘ) যেখানে শুধু এফডব্লিউভিদের জন্য একটি বাসা আছে, সেখানে ঐ বাসাটি ইওসি প্রশিক্ষণ প্রাপ্ত জ্যেষ্ঠ এফডব্লিউভিকে বরাদ্দ দিতে হবে। যদি দুইটি বাসা থাকে তবে দ্বিতীয় জ্যেষ্ঠ ইওসি প্রশিক্ষণ প্রাপ্ত এফডব্লিউভি এর নামে বরাদ্দ দিতে হবে।

(ঙ) এই দুইজনকে বরাদ্দ দেয়ার পর যদি কোন বাসা খালি থাকে তবে উন্নয়ন খ্যাতভূক্ত এফডব্লিউভিসহ এফডব্লিউসিতে কর্মরত যে কোন তৃতীয় শ্রেণী কর্মচারীকে বসবাসের জন্য এই বাসাটি বরাদ্দ দেয়া যেতে পারে। অথবা তৃতীয় শ্রেণীর কর্মচারীদের ডরমেটরী হিসাবে ব্যবহার করা যেতে পারে।

(চ) বরাদ্দ প্রাপ্ত কর্মচারী/কর্মকর্তাগণ সরকারী নীতিমালা অনুযায়ী বেতন ভাতা হতে যাতে নিয়মিত বাসা ভাড়া কর্তন করেন সে দিকে হিসাব শাখাকে লক্ষ্য রাখতে হবে।এবং উপ-পরিচালক বিষয়টি সময় সময় পরীক্ষা করে দেখবেন।

(ছ) প্রত্যেক বরাদ্দ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী বরাদ্দকৃত বাসার বিদুৎ, পানি ও গ্যাস ইত্যাদির বিল নিয়ম মাফিক পরিশোধ করবেন। যদি কোথাও উল্লেখিত বিদুৎ, পানির জন্য কোন আলাদা মিটার না থাকে তাহলে Joint Meter থেকে বরাদ্দ প্রাপ্তরা সমান ভাগে বা সমঝোতার মাধ্যমে বিল পরিশোধ করবেন।

৩। কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্মিত বাসার বিবরণ কেন্দ্র ভিত্তিক নিম্নে প্রদত্ত হলোঃ-

(ক) মেডিক্যাল অফিসারদের জন্য একটি বাসা নির্মিত্ত হয়েছেঃ- দিনাজপুর, ঠাকুরগাঁও, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, রংপুর, কুড়িগ্রাম,বান্দরবান, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ।

(খ) মেডিক্যাল অফিসারদের জন্য দুইটি বাসা নির্মিত হয়েছেঃ- নাটোর, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভিবাজার, বি,বাড়ীয়া, কুমিল্লা, ফেনী, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, পটিয়া, চাঁদপুর, লক্ষীপুর, ভোলা, পিরোজপুর, পটুয়াখালী, বাগেরহাট, মাগুড়া, যশোর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ, নেত্রকোণা, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, ফরিদপুর, জামালপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, পঞ্চগড়, টাংগাইল।

(গ) পরিবার কল্যাণ পরিদর্শিকাদের জন্য যে সকল স্থানে কোন বাসা নির্মিত হয়নি তা হলোঃ- পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, কুড়িগ্রাম, সিলেট জেলার লাউতা, বান্দরবান।

(ঘ) এফডব্লিউভিদের জন্য একটি বাসা নির্মিত হয়েছেঃ- জয়পুরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, নীফামারী, রংপুর, নাটোর, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভিবাজার, বি, বাড়ীয়া, কুমিল্লা, ফেনী, নারায়নগঞ্জ, খাগড়াছড়ি।

(ঙ) এফডব্লিউভিদের জন্য দুইটি বাসা নির্মিত হয়েছেঃ- রাঙ্গামাটি, পটিয়া, চাঁদপুর, লক্ষীপুর, ভোলা, পিরোজপুর, পটুযাখালী, বাগেরহাট, যশোর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, টাংগাইল, মানিকগঞ্জ, ফরিদপুর ,গোপালগঞ্জ, জামালপুর, রাজবাড়ী, পঞ্চগড়, মাগুড়া, মুন্সিগঞ্জ।

(চ) এ ছাড়া যে সব কেন্দ্রে এফডব্লিউভিদের জন্য অতিরিক্ত বাসা আছে তা হচ্ছে কক্সবাজার, যশোর, টাংগাইল, রাজবাড়ী, মাগুড়া, দিনাজপুর।

অপর পৃষ্ঠা .../০২

৪। উপরোক্ত বাসাগুলি উপরে বর্ণিত নীতিমালা অনুযায়ী বরাদ্দ দেয়ার পর যদি বাসা খালি থাকে তবে ইওসি বহির্ভূত এফডব্লিউসিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ দেয়া যেতে পারে। সে ক্ষেত্রে বরাদ্দ দেয়ার বিস্তারিত তথ্যসহ, পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এর নিকট পূর্বানুমতি নিতে হবে। মা ও শিশু কল্যাণ কেন্দ্র গুলিতে যথেষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন। এতদসত্বেও যদি কোন বাসা বরাদ্দের অভাবে খালি থাকে তার দায় দায়িত্ব সংশ্লিষ্টদের বহন করতে হবে।

৫। গাড়ীচালককে রেষ্ট রুমের নীচের রুমটি বরাদ্দ দেয়া যেতে পারে। তবে এই রুমটি বাসা হিসাবে ব্যবহারে জন্য তৈরী হয়নি। তাই এই রুমটি গাড়ীচালককের রেষ্ট রুম হিসাবে বিবেচনা করে কোন ভাড়া কর্তন করা সঠিক হবেনা।

৬। রেষ্ট রুমটি শুধু মাত্র এমসিডব্লিউসিতে ডিউটিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীরা ব্যবহার করবে। এমসিডব্লিউসিতে যারা জরুরী সেবায় নিয়োজিত থাকেন তাদের অবসর সময় বিশ্রামের জন্য এই রুমটি সংরক্ষিত থাকবে। তাই এই রুমটিতে ইওসি বহির্ভূত বিভাগীয় এবং বহিরাগত কেউ থাকতে পারবে না বা ব্যবহার করতে পারবে না। রেস্ট রুমের চাবি মেডিক্যাল অফিসার (ক্লিনিক) এর হেফাজতে থাকবে। পরবর্তী পর্যায়ে যদি মেডিক্যাল অফিসার (ক্লিনিক) ঐ রুমের দখল অন্য কাউকে দেন তার দায় দায়িত্ব তাকেই বহন করতে হবে।

৭। প্রেষনে কর্মরত এফডব্লিউভিগণ এমসিডব্লিউসি এর কোয়ার্টারে থাকেলে তিনি যেখান থেকে বেতন পাবেন সেখান থেকে তার বাসা ভাড়া কর্তন করতে হবে।

৮। বরাদ্দকৃত বাসায় কেউ না থাকলেও বরাদ্দকৃত কর্মকর্তা/কর্মচারীর বাড়ী ভাড়া সরকারী নিয়ম অনুযায়ী কর্তন করতে হবে।

উপরোক্ত আদেশ/নির্দেশ সমূহ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিতঃ--
(ধীরাজ কুমার নাথ)
২৭,২৭.৯৯
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর,
আজিমপুর, ঢাকা।

স্মারক নং- পপঅ/ইএসপি/এমএইচএস/এইচ-২৪/৯৮/৯৯৫/১(২৭৩)

তারিখঃ ০১/০৮/৯৯ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো।

১। পরিচালক (প্রশাসন)/(অর্থ),পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আজিমপুর, ঢাকা।
২। পরিচালক, ঢাকা/ চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ও সিলেট বিভাগ।
৩। উপ-পরিচালক (সকল),........................................জেলা।
৪। সহকারী পরিচালক (সিসি)/মেডিক্যাল অফিসার (সিসি).............. জেলা
৫। মেডিক্যাল অফিসার (ক্লিনিক/এমসিএইচ-এফপি), সদর থানা.......... জেলা।

সদয় অবগতি জন্য অনুলিপিঃ

১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাক্ষরিতঃ-
(ডাঃ জহির উদ্দিন আহমেদ)
পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং
লাইন ডাইরেক্টর (ইএসপি-আরএইচ)

একটি সন্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
৬ কাওরান্ বাজার, ঢাকা-১২১৫
wwdgfp.gov.bd.

পপঅ/এমসিআরএএইচ/কক্স-০৯/৯৭(অংশ-২)/ ৬৮৯/১(২)

তারিখঃ ২৯/০৭/২০১৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো।

১। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কক্সবাজার জেলা।
২। মেডিক্যাল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, কক্সবাজার জেলা।

২০/৭/১৪
(ডাঃ মোহাম্মদ শরীফ)
পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং
লাইন ডাইরেক্টর (এমসি-আরএএইচ)
টেলিফোন#৮১২৯৩৪৬(অফিস)
dirmchsfp@gmail.com